

চট্টগ্রাম বোর্ড শুরুতেই নানা বিপত্তি

প্রত্যয় জসীম চট্টগ্রাম থেকে ফিরে : চট্টগ্রাম শিক্ষা বোর্ড যেন শুরুতেই মুখ খুবড়ে পড়ে যেতে চায়। চট্টগ্রাম শিক্ষা বোর্ড চট্টগ্রামবাসীর বহু সংগ্রাম ও আন্দোলনের ফসল। ১৯৯০ সালের ২১ অক্টোবর চট্টগ্রামে আলাদা শিক্ষা বোর্ড গঠনের ঘোষণা দিয়েছিলেন তৎকালীন সরকার। এরশাদ সরকারের পতনের পর তা কার্যকর হয়নি। অবশেষে ১৯৯৫ সালের ১৫ই মে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের প্রাথমিক কাজ শুরু হয় এবং প্রফেসর এ এম এম আহসান উল্লাহকে বোর্ডের চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেয়া হয়।

তড়িঘড়ি করে এই বোর্ডের কার্যক্রম শুরু করা হয়েছে। প্রথমে আমবাগানে বোর্ডের অফিস ছিলো। ১৯৯৬ সালের ফেব্রুয়ারি মাসে চট্টগ্রামের চান্দগাঁওতে বোর্ড অফিস স্থানান্তর করা হয়। একটি ভাড়া করা অপারিসর দালানে বোর্ডের কার্যক্রম চলছে বর্তমানে। চারতলা দালানের তিনটি তলা মূলত বোর্ড অফিস। এই বোর্ডের আওতায় ১৯৯৬ সালের এসএসসি পরীক্ষা হয়েছে। ৪৫ হাজার ৭ জন পরীক্ষার্থী এতে অংশ নিয়েছিলো, পাসের হার ছিলো শতকরা ৪৩ ভাগ প্রায়। চলতি বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় এই বোর্ডে ৩৮ হাজার ২শ' শিক্ষার্থী অংশ নিয়েছিল।

বোর্ড অফিসের বারান্দায় সিঁড়ির নিচে এখানে সেখানে প্রায় ৪ লাখ খাতা, ফাইল, ট্রাংক, গোপনীয় কাগজপত্র খেলামেলা ফেলে রাখা হয়েছে। বোর্ড অফিসে একটা গোপনীয়তা ও নিরাপত্তার ব্যাপার রয়েছে, চট্টগ্রাম শিক্ষাবোর্ডে সেটা দেখা যায়নি। গাদাগাদি করে ফাইল ও কাগজপত্র রাখার ফলে ফাইল খুঁজে বের করা এবং কাজ করা দুকুহ হয়ে পড়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান- এ পাঁচটি জেলা নিয়েই চট্টগ্রাম শিক্ষা বোর্ড চালু হয়েছে। এই বোর্ডের আওতায় ১২৬টি কলেজ এবং ৭৫০টি স্কুল রয়েছে।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সচিব প্রফেসর মকবুল আহমেদ জানান : শিক্ষা বোর্ডের বর্তমান নিয়মিত কর্মচারী ৩৩ জন এবং মাস্টার রোলে কিছু কর্মচারী রয়েছে। তাছাড়া কর্মকর্তার সংখ্যা ১২। কর্মকর্তাদের সরকারি কলেজ থেকে বোর্ডে নিয়োগ দেয়া হয়েছে ডেপুটেশনে।

এই প্রতিবেদক বোর্ড অফিসে অবস্থানকালে (৩০ সেপ্টেম্বর) বাঁশখালি ডিগ্রি কলেজের দু'জন ছাত্র তদবিরের জন্য এসেছে বলে জানতে পারেন। ঐ ছাত্ররা এবার এইচএসসি পরীক্ষা দিয়েছে। তাদের ইংরেজি পরীক্ষা খারাপ হয়েছে। 'যত টাকা লাগে পাস চাই' তাদের।

পরীক্ষার সময় বোর্ডের তদারকির নিয়ম আছে। কর্মকর্তা নেই বলে চট্টগ্রাম বোর্ড এবারের মাধ্যমিক পরীক্ষায় তা করতে ব্যর্থ হয়েছে।